

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২, ২০১৫

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
প্রজ্ঞাপন

তারিখ: ১১ ফাল্গুন ১৪২১ বঙ্গাব্দ/২৩ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৪১-আইন/২০১৫।—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ এর উপ-ধারা (৩), ধারা ২০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৪৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৪৩ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৪৩। ফলাফল একত্রীকরণের নোটিস, একত্রীকরণ, ভোটের সমতার ক্ষেত্রে পুনঃ ভোট ও ঘোষণা।—(১) রিটার্নিং অফিসার ফলাফল একত্রীকরণের উদ্দেশ্যে তারিখ, সময় এবং স্থান উল্লেখপূর্বক তদানুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং তাহাদের নির্বাচনী এজেন্টগণকে উপস্থিত থাকিবার লক্ষ্যে একটি লিখিত নোটিস দিবেন।

(২) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও মহিলা সদস্য নির্বাচনের ক্ষেত্রে, রিটার্নিং অফিসার যথাক্রমে ফরম-ঝ, ফরম-ঝ-১, ফরম-ঝ-২, ফরম-ঝ-৩ তে প্রদত্ত বৈধ ভোটের বিবরণী এবং ফরম-এ৩ তে

(১৩০৩)

মূল্য : টাকা ৪.০০

প্রদত্ত ব্যালট পেপারের হিসাব বিবরণী পাইবার সংগে সংগে প্রতিদ্বন্দ্বী প্রার্থী কিংবা তাহাদের নির্বাচন এজেন্টের উপস্থিতিতে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রত্যেকের অনুকূলে প্রদত্ত বৈধ ভোটসমূহ, আপত্তিকৃত বৈধ ভোটসমূহ সমেত, চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও মহিলা সদস্যের জন্য যথাক্রমে ফরম-ট, ফরম-ট-১, ফরম-ট-২, ফরম-ট-৩ তে একত্র করিবেন; এবং যে পদে যে প্রার্থীর পক্ষে সর্বাধিক ভোট প্রদত্ত হইয়াছে তাহাকে নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

- (৩) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও মহিলা সদস্য নির্বাচনের ক্ষেত্রে, ভোট গণনার ফলাফল একত্রীকরণের পর যদি দেখা যায় যে, দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে সমান সংখ্যক ভোট প্রদত্ত হইবার কারণে উপ-বিধি (২) এর অধীন কোন প্রার্থীকে নির্বাচিত বলিয়া ঘোষণা করা সম্ভব নয়, সেইক্ষেত্রে কমিশন সমভোট প্রাপ্ত প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের মধ্যে পুনঃভোট গ্রহণের ব্যবস্থা গ্রহণের জন্য রিটার্নিং অফিসারকে নির্দেশ প্রদান করিবে।
- (৪) বিধি ৩৯ এর উপ-বিধি (১) এর অধীনে যদি কোন ভোটকেন্দ্রের নির্বাচন বন্ধ ঘোষিত হয়, সেই ক্ষেত্রে রিটার্নিং অফিসার যদি এইমর্মে সন্তুষ্ট হন যে, উক্ত উপজেলার অন্যান্য কেন্দ্রের ভোট গ্রহণের ফলাফল দ্বারা নির্বাচনের ফলাফল নিরূপিত হইয়াছে, তাহা হইলে বিধি ৩৯ এ উপ-বিধি (২) অনুসারে উক্ত স্থগিত কেন্দ্রের পুনঃভোট গ্রহণ ব্যতিরেকে, কমিশনের অনুমোদন সাপেক্ষে, যে প্রার্থী সর্বাধিক সংখ্যক ভোট পাইয়াছেন তাহাকে নির্বাচিত ঘোষণা করিবেন।
- (৫) ফরম-ট, ফরম-ট-১, ফরম-ট-২, ফরম-ট-৩ তে একত্রীকৃত ভোট গণনার বিবরণী রিটার্নিং অফিসার যথাযথভাবে সত্যায়িত করিয়া প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের কিংবা তাহাদের নির্বাচনী পোলিং এজেন্টদেরকে কপি প্রদান করিবেন।
- (৬) রিটার্নিং অফিসার কর্তৃক ভোট গণনার চূড়ান্ত ফলাফল ও প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম ঠিকানা প্রদর্শনপূর্বক ফরম-৪ তে পূর্ণাঙ্গ বিবরণী অনতিবিলম্বে প্রকাশ করিবেন।”;
- (২) তফসিল-২ এর ক্রমিক নং ১০ এর পর নিম্নরূপ নতুন ক্রমিক নং ১১, ১২, ১৩ ও ১৪ সংযোজিত হইবে, যথা:—
- “১১। মুকুট
- ১২। জোড়া ফুল
- ১৩। হাঙ্গর
- ১৪। নারিকেল জোড়া”;

(৩) তফসিল-৩ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“তফসিল-৩
[বিধি ২২(১)(খ)দ্রষ্টব্য]

ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন প্রার্থীদের প্রতীকসমূহের তালিকা

১। আইসক্রিম	৭। টিয়া পাখি
২। উড়োজাহাজ	৮। তালা
৩। গ্যাস সিলিন্ডার	৯। পালকি
৪। চশমা	১০। বই
৫। টাইপ রাইটার	১১। বৈদ্যুতিক বাল্ব
৬। টিউবওয়্যেল	১২। মাইক”।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ সিরাজুল ইসলাম
সচিব।